

কাগজের ফুল

সে নিজেই জানে যে সে কাগজের, তাই
তার ভোর প্রতিদিন মালিনী ছাড়াই
দিন তার বৃথা যায়, বৃথা রাত বাড়ে
চোখের শিশির বারে অবুঝ ইথারে।

রঙীন ভ্রমর কেউ, অথবা সে কোনো
বালিকা-বয়সী কীট ভুলেও কখনো
এখানে রাখেনা দাঁত। কণ কাগজ
জানে না লোভের লালা, নখরের খোঁজ।

ক্কাটিং কাঁদাতে আসে সাবানের ফেনা
ধুলো আর মলিনতা তবুও ঘোচেনা
পাপড়ি ছড়িয়ে ফুল কেঁদে ওঠে, সেই
মান হাহাকার টুকু বাজে বাতাসেই।

কাগজের ফুল জানে, ভুল ভালবাসা
তবুও কেন যে তার সুরভি-পিপাসা।

নিজন দে চৌধুরী

